## সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০১৬ এর রংপুর বিভাগীয় যাচাই-বাছাই কমিটির সভার কার্যবিবরণী

তারিখ : ১৫ মার্চ ২০১৬ খ্রি.
বার : মঙ্গলবার
সময় : বিকাল ০৩.৩০ ঘটিকা
স্থান : বিভাগীয় কমিশনার, রংপুর মহোদয়ের সম্মেলন কক্ষ।
সভাপতি : কাজী হাসান আহমেদ, বিভাগীয় কমিশনার, রংপুর।

**সভায় উপস্থিতির স্বাক্ষর-পরিশিষ্ট-ক**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করা হয়। সভাপতি সদস্য সচিবকে সভার আলোচ্য বিষয় মোতাবেক সভার কাজ পরিচালনার আহবান জানান। সদস্য সচিব বিগত ২০১৩, ২০১৪ ও ২০১৫ সনে শিক্ষা মন্ত্রণালয়ের অন্যতম মর্যাদাপূর্ণ এই অনুষ্ঠানে অংশগ্রহণ, অর্জন ও সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন, ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত সৃজনশীল মেধা অন্বেষণ নীতিমালা ২০১২ (সংশোধিত-মার্চ ২০১৬) তিনি সভায় উপস্থাপন করেন। তিনি আরও জানান ইতোমধ্যে এই প্রতিযোগিতার ব্যাপক প্রচারের জন্য প্রতিষ্ঠানসমূহে বিজ্ঞপ্তি প্রেরণ করা হয়েছে, তিনটি পয়েন্টে ব্যানার লিখনের মাধ্যমে ও অত্র দপ্তরের ওয়েব সাইটের মাধ্যমেও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অত:পর আজকের আলোচ্যসূচি মোতাবেক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | বিভাগীয় প্রতিযোগিতার তারিখ নির্ধারণ | আলোচনা করা হয় | ২৪.০৩.২০১৬খ্রি. প্রতিযোগিতা অনুষ্ঠান করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | সময় নির্ধারণ | আলোচনা করা হয় | **১. ভাষা ও সাহিত্য :** সকাল ১০.০০ (বাংলা রচনা ৩০মিনিট+ ইংরেজি রচনা ৩০ মিনিট= ১ঘন্টা)<br>**দৈনন্দিন বিজ্ঞান/বিজ্ঞান :** ১১.১৫ (MCQ=১০মিনিট+ রচনা ৩০মিনিট = ৪০ মিনিট)<br>**গণিত ও কম্পিউটার :** ১২.০০ (৪৫ মিনিট)<br>**বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ :** ১.০০ (৫০ মিনিট)<br>২. একজন প্রতিযোগীর একাধিক বিষয়ের ক্ষেত্রে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পর মৌখিক বা অন্যান্য পরীক্ষা বিচারকগণ সমন্বয় করবেন। |
| | স্থান নির্ধারণ | আলোচনা করা হয় | সমাপনী অনুষ্ঠানের আনুষ্ঠানিকতা থাকায় মিলনায়তন সমৃদ্ধ রংপুর জিলা স্কুল, রংপুর কে ভেন্যু হিসেবে ব্যবহারের সিদ্ধান্ত হয়। প্রয়োজনীয় কক্ষ বরাদ্দসহ সার্বিক সহযোগিতা প্রদানের জন্য প্রধান শিক্ষক, রংপুর জিলা স্কুল-কে অনুরোধ জানানো হয়। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ২. | পরীক্ষা পরিচালনার জন্য মূল্যায়ন ও বাছাই কমিটি | প্রশ্নপত্র প্রস্তুত, বিচারক মনোনয়ন, মূল্যায়ন অনুষ্ঠান নিয়ে আলোচনা করা হয়। এজন্য নীতিমালার আলোকে একটি বাছাই কমিটি গঠনের বিষয়েও আলোচনা করা হয়। | ২.১. নিম্নরূপ ১টি বাছাই কমিটি গঠন করা হয়<br>১. অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রংপুর-আহবায়ক<br>২. জনাব মোঃ মোতাহার হোসেন, সহযোগী অধ্যাপক(বাংলা), রংপুর সরকারি কলেজ, রংপুর<br>৩. জনাব মোঃ আমিনুল ইসলাম, সহযোগী অধ্যাপক(ইংরেজি), কারমাইকেল কলেজ, রংপুর<br>৪. অধ্যক্ষ, ধাপ সাতগাড়া বায়তুল মুকাররম মডেল কামিল মাদ্রাসা, রংপুর<br>৫. প্রধান শিক্ষক, রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর |
| ৩. | পরীক্ষা পরিচালনার জন্য বিচারক মনোনয়ন | আলোচনা করা হয় | ৩.১ প্রতিটি বিষয়ের পরীক্ষা পরিচালনার জন্য অনধিক ০৩(তিন)জন বিষয় বিশেষজ্ঞ সমন্বয়ে একটি বিচারক প্যানেল তৈরী করা প্রয়োজন। ৪টি বিষয়ের জন্য, ৩জন করে বিচারক সমন্বয়ে ভাষা ও সাহিত্য ১টি, বিজ্ঞান ১টি, গণিত ও কম্পিউটার ১টি এবং বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ বিষয়ে ১টি, সর্বমোট ৪টি বিচারক প্যানেল গঠন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩.২ যেসব প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা বিভাগীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে না সেসব প্রতিষ্ঠানের দক্ষ ও অভিজ্ঞ বিষয় ভিত্তিক শিক্ষককে বিচারক হিসেবে মনোনয়ন দেওয়া যেতে পারে।<br>৩.৩ বাছাই কমিটি ও ব্যবস্থাপনা কমিটি বিচারক মনোনয়ন দেবেন। |

মোঃ মোস্তাক হাবিব
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর।

| ৪. | মূল্যায়ন কার্যক্রম | | | |
|---|---|---|---|---|
| গ্রুপ | ভাষা ও সাহিত্য | দৈনন্দিন বিজ্ঞান/বিজ্ঞান | গণিত ও কম্পিউটার | বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ |
| ৬ষ্ঠ-৮ম শ্রেণি<br><br>৯ম-১০ম শ্রেণি<br><br>একাদশ-দ্বাদশ শ্রেণি | তাৎক্ষণিক রচনা প্রতিযোগিতা (বাংলা ও ইংরেজি)<br>নম্বর : ১০+১০<br>সময় : (৩০+৩০) মিনিট<br><br>পর্যায়ক্রমে গল্প বলা (বাংলা)<br>নম্বর : ১০<br>সময়-৩ মিনিট (প্রত্যেকের জন্য)<br><br>উপস্থিত বক্তৃতা (বাংলা ও ইংরেজি)<br>নম্বর : ১০+১০<br>সময় : ৩ মিনিট (প্রত্যেকের জন্য) | MCQ<br>নম্বর : ১০<br>সময় : ১০ মিনিট<br><br>বিজ্ঞান বিষয়ক রচনা<br>নম্বর: ১০<br>সময় : ৩০ মিনিট<br><br>বিজ্ঞান বিষয়ক প্রকল্প উপস্থাপন<br>নম্বর :৩০<br>সময় : ৩০ মিনিট | গণিত<br>(লিখিত ও মৌখিক মূল্যায়ন)<br>নম্বর : ২০+১০<br>সময় : ৪৫ মি.(লিখিত)<br><br>কম্পিউটার (সমস্যা সমাধান)<br>নম্বর : ২০<br>সময় : ৩০মিনিট | লিখিত সৃজনশীল<br>(২টি প্রশ্ন থাকবে)<br>নম্বর : ২০<br>সময় : ২০+২০ = ৪০ মি.<br><br>MCQ<br>নম্বর : ১০<br>সময় : ১০ মিনিট<br><br>মৌখিক<br>নম্বর : ২০ |
| | দ্রষ্টব্য(১) উপস্থিত বক্তৃতার জন্য শিক্ষার্থীরা লটারীর মাধ্যমে সংগৃহীত বিষয়ের উপর বক্তব্য উপস্থাপন করবে। নির্ধারিত সময় ৩ মিনিট।<br>(২) মৌখিক পরীক্ষায় প্রত্যেক প্রতিযোগীকে ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে। পূর্ণ নম্বরের আনুপাতিক হারে প্রতিটি প্রশ্নের নম্বর নির্ধারিত হবে। | | | |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৫. | পুরস্কার ও সনদপত্র প্রদান | আলোচনা করা হয় | অংশগ্রহণকারী ১০৮ জন শিক্ষার্থীকে শুভেচ্ছা পুরস্কার হিসেবে বই এবং বিজয়ী শিক্ষার্থীকে নির্ধারিত প্রাইজ মানির পাশাপাশি ক্রেস্ট এবং বই পুরস্কার হিসেবে প্রদান করা হবে। এছাড়া বিজয়ীদেরকে সার্টিফিকেট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৬. | ব্যবস্থাপনা কমিটি | আপ্যায়ন, অনুষ্ঠান পরিচালনা, পুরস্কার ক্রয় ও প্রয়োজনীয় সমন্বয়ের জন্য একটি ব্যবস্থাপনা কমিটি গঠনের বিষয়ে আলোচনা করা হয়। | আপ্যায়ন, অনুষ্ঠান পরিচালনা, পুরস্কার ক্রয় ও প্রয়োজনীয় সমন্বয়ের জন্য নিম্নরূপ ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়-<br>১.প্রফেসর মোঃ তোফায়েল হোসেন, অধ্যাপক(ইংরেজি), কারমাইকেল কলেজ, রংপুর- আহবায়ক<br>২. বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর<br>৩.প্রধান শিক্ষক, রংপুর জিলা স্কুল |
| ৭. | বাজেট | বাজেট বিভাজন বিষয়ে আলোচনা করা হয়। | নীতিমালা অনুযায়ী বিভাগীয় পর্যায়ের জন্য ১,০০,০০০/- বরাদ্দ করা হয়েছে। মন্ত্রণালয় কর্তৃক ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বাজেট পাওয়া যায়নি। উপপরিচালককে বরাদ্দ অনুযায়ী অনুষ্ঠান পরিচালনার দায়িত্ব প্রদান করা হয় । উক্ত বরাদ্দ অনুযায়ী প্রস্তাবিত বাজেট অনুমোদন করা হয়। |

| ৮. | বিবিধ | | |
|---|---|---|---|
| | ৮.১ প্রশ্নপত্র প্রস্তুতের নির্দেশনা | আলোচনা করা হয়। | ৮.১ প্রশ্নপত্রে সার্বজনীন বিষয়, যেমন- জাতীয় দিবস, বরেণ্য ব্যক্তিত্ব, জাতীয় সমস্যা, জাতীয় গুরুত্বপূর্ণ বিষয় ইত্যাদি এবং গণিত ও বিজ্ঞানে শ্রেণি মান অনুযায়ী প্রশ্ন অন্তর্ভুক্ত করার পরামর্শ প্রদান করা হয়, যেন সব শ্রেণির শিক্ষার্থী প্রশ্নের উত্তর প্রদান করতে পারে। |
| | ৮.২. কম্পিউটার ল্যাব ব্যবহার | আলোচনা করা হয়। | ৮.২ রংপুর জিলা স্কুলের কম্পিউটার ল্যাব ব্যবহার করার সিদ্ধান্ত হয়। এজন্য কম্পিউটার ল্যাবটি ব্যবহারের উপযোগী করার জন্য এবং ল্যব ইনচার্জকে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদানের জন্য প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়। |

মোঃ মোস্তাক হাবিব
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল,রংপুর।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | ৮.৩. জেলার রেজাল্ট জমা প্রদান | আলোচনা করা হয়। | ৮.৩ জেলা পর্যায়ের প্রতিযোগিতা আগামী ২২.০৩.২০১৬ খ্রি শেষ হবে। জেলা পর্যায়ের রেজাল্ট ও বিজয়ীদের নির্ধারিত আবেদন ২৩.০৩.২০১৬ খ্রি. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর এর নিকট সফট কপি ও বাহক মারফত হার্ড কপি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ৮.৪. আপ্যায়ন | আলোচনা করা হয় | ৮.৪ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ১০৮জন শিক্ষার্থীকে দুপুরের খাবার; বিচারক প্যানেল, কমিটির সদস্যবৃন্দ, প্রতিযোগিতার সাথে সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণকে সকালের নাস্তা, দুপুরের খাবার এবং বিকেলের নাস্তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ৮.৫. প্রশ্নপত্র প্রস্তুত করে জমা প্রদান | আলোচনা করা হয় | ৮.৫<br>পরীক্ষা অনুষ্ঠানের দিন প্রশ্নপত্র প্রণয়ন করে পরীক্ষা পরিচালনা সময় সাপেক্ষ ব্যাপার। এজন্য পূর্বের দিন প্রশ্নপত্র প্রণয়ন করে মডারেশন পূর্বক নির্ধারিত সংখ্যক প্রশ্নপত্র প্রস্তুত রাখলে সঠিক সময়ে পরীক্ষা গ্রহণ সম্ভব।<br>বিচারকগণ ২৩.০৩.২০১৬ খ্রি. সকাল ১০ঘটিকার মধ্যে ২সেট প্রশ্ন প্রধান শিক্ষিকা, রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় বরাবর জমা দিবেন। ২৩.০৩.২০১৬ খ্রি. বিকাল ৪ঘটিকায় প্রশ্নপত্র মডারেশন পূর্বক ফটোকপি করে প্যাকেট সীলগালা অবস্থায় সংরক্ষণ করার সিদ্ধান্ত হয়। বাছাই কমিটি লিখিত প্রশ্নপত্র প্রস্তুতের সার্বিক দায়িত্ব পালন করবেন। |
| | ৮.৬. সমাপনী অনুষ্ঠান | আলোচনা করা হয়। | ৫.৮<br>স্থান : রংপুর জিলা স্কুল মিলনায়তন<br>সময়: ৩.৩০ ঘটিকা<br>নির্ধারিত সময়ে মিলনায়তন প্রস্তুত রাখার জন্য প্রধান শিক্ষক, রংপুর জিলা স্কুল কে অনুরোধ জানানো হয়। |
| | ৮.৭ উত্তরপত্র কোডিং-ডিকোডিং | উত্তরপত্র কোডিং-ডিকোডিং এর বিষয়ে আলোচনা করা হয় | উত্তরপত্র কোডিং-ডিকোডিং এর মাধ্যমে মূল্যায়িত হবে। এজন্য উত্তরপত্র কোডিং এর মাধ্যমে প্রস্তুত করতে হবে। |

অনন্য সাধারণ মেধা তথা জাতীয় মেধা অন্বেষণের এই আয়োজন সরকারের একটি যুগান্তকারী পদক্ষেপ। সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা যেন এতে অংশগ্রহণের সুযোগ পায় প্রতিষ্ঠানগুলোকে অভ্যন্তরীণ প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে সেই সুযোগ সৃষ্টিসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় মেধা অন্বেষণের এই আয়োজন সফল ও সুন্দরভাবে বাস্তবায়িত হোক এই আহবান জানিয়ে সভাপতি সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

২২/৩/১৬

(কাজী হাসান আহমেদ)
বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ, রংপুর

মোঃ মোস্তাক হাবিব
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর

Fax: ০৫২১-৫১৮৪৪, E-mail : ddrangpur@yahoo.com
www.dsherangpur.gov.bd

স্মারক নং মাউশিরং/২০১৬/802 তারিখ : 22.03.2016 খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রম অনুসারে নয়)-

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রংপুর।
৩. অতিরিক্ত বিভাগীয় কমিশনার(সার্বিক), রংপুর বিভাগ, রংপুর।
৪. পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫. জেলা প্রশাসক, রংপুর/দিনাজপুর/কুড়িগ্রাম/লালমনিরহাট/গাইবান্ধা/নীলফামারী/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
৬. উপপরিচালক(শারীরিক শিক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৭. ..................................................................................................................................
সদস্য, সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০১৬ এর বিভাগীয় কমিটি , রংপুর ।
৮. জেলা শিক্ষা অফিসার, রংপুর/দিনাজপুর/কুড়িগ্রাম/লালমনিরহাট/গাইবান্ধা/নীলফামারী/ঠাকুরগাঁও/পঞ্চগড়। (আগামী ২২.০৩.২০১৬খ্রি ই-মেইলে সফট কপি এবং ২৩.০৩.২০১৬ খ্রি. সকাল ১০.০০ ঘটিকার মধ্যে পরীক্ষার ফলাফলসহ আবেদনপত্র অত্র দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।)
৯. অধ্যক্ষ, ........................................................................................................................।
১০. প্রধান শিক্ষক/শিক্ষিকা .....................................................................................................।
১১. জনাব ..........................................................................................................................।
১২. সংরক্ষণ নথি।

২২.৩.২০১৬
মোঃ মোস্তাক হাবিব
উপপরিচালক(ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর